Asad
Subrata
21/09/23

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং ৪৪ (২য় তলা), সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২৩-১৪৩

তারিখ: ০২ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার' নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান-২০২৩ এর বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করার লক্ষ্যে দেশের অভ্যন্তরে সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত অনন্য মেধাবী শিক্ষার্থীদের মধ্য হতে বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার নির্বাচন ও অ্যাওয়ার্ড কার্যক্রম ২০২৩ এর আবেদন দাখিলের লক্ষ্যে প্রদত্ত 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার' অ্যাওয়ার্ড প্রদান-২০২৩ এর বিজ্ঞপ্তিটি ১৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে 'দৈনিক জনকন্ঠ, 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন' এবং 'The Daily Observer' পত্রিকায় প্রকাশিত হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে অবহিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। এমতাবস্থায়, উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকল সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০১ (এক) ফর্দ।

(কাজী দেলোয়ার হোসেন)
পরিচালক
ফোন: ৫৫০০৭৪২৬
ই-মেইল: director@pmeat.gov.bd

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/ ২১৯৯৬ - ৭৫

তারিখ: ৪/৬/১৪৩০
১৯/৯/২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:**

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
**(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯/৯/২৩

১৯/০৯/২৩

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২৩-৮৫ তারিখ: ২৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান-২০২৩ এর জন্য আবেদন করার বিজ্ঞপ্তি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করার জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরীণ সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদন ছকে দরখাস্ত আহবান করা হলো:

ক) অধিক্ষেত্র :

| ক্রমিক | অধিক্ষেত্র | অ্যাওয়ার্ডের সংখ্যা |
|---|---|---|
| ১. | সামাজিক বিজ্ঞান (Social Science) | ০২ টি |
| ২. | কলা ও মানবিক (Arts & Humanities) | ০২ টি |
| ৩. | ব্যবসায় শিক্ষা (Business Studies) | ০২ টি |
| ৪. | আইন (Law) | ০১ টি |
| ৫. | ভৌত বিজ্ঞান (Physical Science) | ০১ টি |
| ৬. | গাণিতিক বিজ্ঞান (Mathematical Science) | ০১ টি |
| ৭. | জীব বিজ্ঞান (Biological Science) | ০১ টি |
| ৮. | কৃষি বিজ্ঞান (Agricultural Science) | ০২ টি |
| ৯. | সমুদ্র বিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরমাণু বিজ্ঞান (Marine Science/ Environmental Science/ Nuclear science) | ০১ টি |
| ১০. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology) | ০২ টি |
| ১১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (Textile Engineering) | ০১ টি |
| ১২. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি (Information and Communication Technology /Emerging Technology) | ০১ টি |
| ১৩. | শিক্ষা ও উন্নয়ন (Education & Development) | ০১ টি |
| ১৪. | চিকিৎসা বিজ্ঞান (Medical science) | ০২ টি |
| ১৫. | চারু ও কারু (Fine Arts) | ০১ টি |
| ১৬. | ধর্মীয় শিক্ষা (Religious Studies) | ০১ টি |
| মোট | ১৬ টি | ২২ টি |

খ) অ্যাওয়ার্ড: "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" হিসেবে ১৬ (ষোল) টি অধিক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত ২২ (বাইশ) জন অনন্য মেধাবী শিক্ষার্থীর প্রত্যেকে ০১ (এক) টি সার্টিফিকেট, ০১ (এক) টি ক্রেস্ট এবং ০৩ (তিন) লক্ষ টাকার চেক প্রদান করা হবে।

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি:

১. "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২২ এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা, প্রতিটি অধিক্ষেত্রের বিষয়ভিত্তিক ম্যাপিং এবং আবেদন ছক ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে।

২. অ্যাওয়ার্ডের জন্য অবশ্যই এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৫.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) এবং স্নাতকে জিপিএ/সিজিপিএ ৩.৭০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে (CGPA কে % Conversion করে দিতে হবে);

৩. দেশের অভ্যন্তরের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে স্নাতক/সমমান পর্যায়ে উত্তীর্ণসহ স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা নিয়মিত অধ্যয়নরত রয়েছেন এরূপ শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আবেদন করবেন। আবেদনপত্রের ০৩ (তিন) টি সেটের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাকটিভিটিজ'র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে;

৪. পূরণকৃত আবেদন ফরম আগামী ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে ১৬ অক্টোবর ২০২৩ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বরাবর ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রেরিত/প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।

৫. আবেদন ছক এবং এক্সট্রা কারিকুলার অ্যাকটিভিটিজের নির্ধারিত ছক অনুযায়ী তথ্য পূরণ করতে হবে।

৬. কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/সংশ্লিষ্ট নির্দেশিকা সংশোধন বা পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd

CamScanner